# Times Today BD

জেলা প্রতিনিধি | ঢাকা | 04 May, 2025

মুন্সীগঞ্জ সদর উপজেলার মোল্লাকান্দিতে প্রতিপক্ষের হামলায় নিহত শ্রমিকলীগ কর্মী সানা মাঝির (৪২) দাফনের পরপরই ককটেল বিস্ফোরণের ঘটনা ঘটেছে।শনিবার (৩ মে) বিকেলে মোল্লাকান্দি ইউনিয়নের মধ্য মাকহাটি গ্রামে এ ঘটনা ঘটে।পুলিশ ককটেল বিস্ফোরণের ঘটনার সত্যতা নিশ্চিত করেছে।

এর আগে বৃহস্পতিবার রাত ১০টার দিকে স্থানীয় মসজিদের মাইকে ঘোষণা দিয়ে প্রতিপক্ষের লোকজন জড়ো হয়ে সানা মাঝিকে কুপিয়ে ও পিটিয়ে হত্যা করে বলে অভিযোগ উঠে।নিহত সানা মাঝি মধ্য মাকহাটি গ্রামের মৃত মোহাম্মদ মাঝির ছেলে এবং আওয়ামীপন্থী শ্রমিকলীগের সক্রিয় কর্মী ছিলেন।অভিযুক্ত বাবু মাঝি একই গ্রামের শামসুল মাঝির ছেলে।

শনিবার সকালে মুন্সীগঞ্জ জেনারেল হাসপাতালের মর্গে নিহতের ময়নাতদন্ত শেষে লাশ নিজ বাড়িতে নেওয়া হয়।বাদ জোহর নামাজে জানাজা শেষে তাকে গ্রামের কবরস্থানে দাফন করা হয়।

দাফনের পর বিকেল ৩টার দিকে, কবরস্থান থেকে স্বজন ও এলাকাবাসী ফেরার পথে হঠাৎ একের পর এক ককটেল বিস্ফোরণ ঘটায় প্রতিপক্ষ।এতে পুরো এলাকায় আতঙ্ক ছড়িয়ে পড়ে।নিহতের ছোট ভাই আসাদ মাঝি দাবি করেন, প্রতিপক্ষ অর্ধশতাধিক ককটেল বিস্ফোরণ ঘটায়।

এ বিষয়ে মুন্সীগঞ্জ অতিরিক্ত পুলিশ সুপার ফিরোজ কবীর জানান, “লাশ দাফনের পর কবরস্থানের অদূরে বিস্ফোরণ ঘটে।ঘটনাস্থলে অতিরিক্ত পুলিশ মোতায়েন করা হয়েছে।পরিস্থিতি নিয়ন্ত্রণে রয়েছে এবং জড়িতদের গ্রেপ্তারে অভিযান চলছে।”

উল্লেখ্য, নিহত সানা মাঝির পরিবার ও বাবু মাঝির পরিবারের মধ্যে দীর্ঘদিনের বিরোধ চলছিল।বাবু মাঝির ভাই শিপন মাঝি হত্যা মামলায় সানা মাঝির পরিবার আসামি থাকলেও পরবর্তীতে তারা খালাস পান।

শ্রমিকলীগ নিহত ককটেল

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 04:47

URL: https://www.timestodaybd.com/public/dhaka/1914775807